ঢাবিতে ১৩ শিক্ষার্থীর ডেঙ্গু শনাক্ত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৬৮ জন শিক্ষার্থীর রক্ত পরীক্ষা করে ১৩ জনের ডেঙ্গু শনাক্ত করা হয়েছে।

বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয় চিকিৎসাকেন্দ্রের প্রধান চিকিৎসা কর্মকর্তা ডা. সারওয়ার জাহান এ তথ্য জানান।

গত বুধবার বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে ডেঙ্গু শনাক্তকরণ ডিভাইস আনা হয়েছে। এর মাধ্যমে প্রথম দিনের পরীক্ষায় ১৩ জনের ডেঙ্গু শনাক্ত করা হয়।

ডা. সারওয়ার জাহান জানান, এই ডিভাইসের মাধ্যমে ঢাবির চিকিৎসাকেন্দ্রে এখন রক্তের প্লাটিলেট (অণুচক্রিকা) গণনা ও ডেঙ্গু শনাক্তকরণ— দুটোই করা যাচ্ছে।

তবে ডেঙ্গু শনাক্তকরণের যে ডিভাইসটি চিকিৎসাকেন্দ্রে আনা হয়েছে, তার দৈনিক সক্ষমতা ১৫০। অর্থাৎ প্রতিদিন সর্বোচ্চ ১৫০ শিক্ষার্থী ডেঙ্গু শনাক্তকরণের পরীক্ষা করাতে পারবেন।

তবে শিক্ষার্থীদের চাপ বেশি হওয়ায় গতকাল ১৬৮ জনের রক্তের নমুনা নেয়া হয়। তবে এখন থেকে ১৫০ জনের বেশি নমুনা নেয়া যাবে না।

এদিকে ডেঙ্গুর প্রকোপ বেড়ে যাওয়ায় ক্যাম্পাস ও হল বন্ধ ঘোষণার দাবি জানিয়েছেন শিক্ষার্থীরা। শিক্ষার্থীদের এই দাবির সঙ্গে একাত্মতা জানিয়েছেন ডাকসু ভিপি নুরুল হকও।এ ছাড়া ক্যাম্পাস বন্ধের দাবিতে ভিসি বরাবর স্মারকলিপি দিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্র ইউনিয়ন।